# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 29-08-2025** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) সুপ্রিম কোর্ট, স্কুল সার্ভিস কমিশনকে ৭ দিনের মধ্যে চিহ্নিত অযোগ্যদের তালিকা প্রকাশের নির্দেশ দিয়েছে।

বিরোধীরা সুপ্রিম কোর্টের এই নির্দেশকে স্বাগত জানিয়েছে।

২) রাজ্যের ১৭ টি বিশ্ববিদ্যালয়ের ৪৬০ টি কলেজে আজ স্নাতকস্তরে পঠনপাঠন শুরু হচ্ছে।

৩) রাজ্য বিধানসভার বিশেষ অধিবেশন ডাকা হয়েছে পয়লা সেপ্টেম্বর থেকে।

৪) আরও নিখুঁতভাবে আবহাওয়ার পূর্বাভাস দিতে সারা রাজ্যে ডপলার ওয়েদার রাডার নেটওয়ার্ক বিস্তারের কাজ চলছে বলে ভারতীয় আবহাওয়া দপ্তরের মহানির্দেশক ডক্টর মৃত্যুঞ্জয় মহাপাত্র জানিয়েছেন।

৫) হকির জাদুকর ধ্যানচাঁদের ১২০ তম জন্মবার্ষিকী আজ এরাজ্যেও যথোচিত মর্যাদায় জাতীয় ক্রীড়া দিবস হিসাবে পালিত হচ্ছে।

---

প্রায় ২৬ হাজার চাকরি বাতিল এর প্রেক্ষিতে সুপ্রিমকোর্ট, স্কুল সার্ভিস কমিশনকে আগামী সাত দিনের মধ্যে চিহ্নিত "অযোগ্য" দের তালিকা প্রকাশের নির্দেশ

দিয়েছে। কোন অযোগ্য চাকরিপ্রার্থী যাতে আগামী ৭ই সেপ্টেম্বরের পরীক্ষায় বসার সুযোগ না পান তা নিশ্চিত করারও নির্দেশ দিয়েছেন বিচারপতি সঞ্জয় কুমার ও সতীশ চন্দ্র শর্মার বেঞ্চ। পাশাপাশি পরীক্ষার নির্ধারিত দিনক্ষণ পরিবর্তন করা হবে না বলেও জানিয়েছে শীর্ষ আদালত। রাজ্য কেন এখনো অযোগ্যদের তালিকা প্রকাশ করেনি, বিচারপতিরা সেই প্রশ্ন করেছেন আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায়কে।

উল্লেখ্য বেশ কিছু চাকরিপ্রার্থী পরীক্ষার দিনক্ষণ পরিবর্তন করার জন্য শীর্ষ আদালতে আবেদন জানিয়েছিলেন। আদালতের নির্দেশে ২০১৬ সালের বেশ কিছু যোগ্য প্রার্থী নতুন করে আবেদন করার সুযোগ পেয়েছেন। পরীক্ষার তারিখ পরিবর্তন করা হলে সুষ্ঠু ভাবে প্রক্রিয়া সম্পন্ন করা যাবে বলে তাঁরা যুক্তি দেয়। কিন্তু শীর্ষ আদালত স্পষ্ট জানিয়েছে, পরীক্ষা যাতে সুষ্ঠু ভাবে সম্পন্ন হয় তার উপর নজর রাখা হচ্ছে।

---------------------

এদিকে, সুপ্রিমকোর্ট সাত দিনের মধ্যে অযোগ্যদের তালিকা প্রকাশের যে নির্দেশ দিয়েছে , আইনজীবী ফিরদৌস শামিম তাকে স্বাগত জানিয়ে বলেছেন রাজ্য সরকার, অযোগ্যদের কাছ থেকে টাকা নিলেও , তা ফেরত দেয়নি।

বাইট ফিরদৌস

যোগ্য শিক্ষক মঞ্চের প্রতিনিধি সুমন বিশ্বাস SSC-র কাছে যোগ্য প্রার্থিদের নাম প্রকাশেরও দাবি জানিয়েছেন।

বাইট সুমন বিশ্বাস

এদিকে বিষয়টি নিয়ে শুরু হয়েছে রাজনৈতিক তরজা।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বিষয়টিতে মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবি করেছেন।

বিজেপি রাজ্য মুখপাত্র রাহুল সিনহা SSC দুর্নীতিতে অভিযুক্তদের অবিলম্বে গ্রেফতারির দাবি জানিয়েছেন।

বাইট রাহুল

প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, রাজ্য সরকার যুবকদের ভবিষ্যত নিয়ে ছিনিমিনি খেলছে। অযোগ্যদের তালিকা প্রকাশের পাশাপাশি , যোগ্যদের চাকরি দেওয়াও জরুরী।

---------------------

SSC নিয়োগ দুর্নীতি মামলার তদন্তে এনফোর্সমেন্ট নির্দেশালয়-ইডি গতকাল বীরভূমের সাইথিয়া পুরসভার তৃণমূল কাউন্সিলার মায়া সাহা-কে প্রায় ৮ ঘন্টা জিজ্ঞাসাবাদ করেছে। মায়া সাহা, সম্পর্কে নিয়োগ দুর্নীতিতে গ্রেফতার তৃনমূল কংগ্রেস বিধায়ক সাহা-র পিসি। গত সোমবার সকাল থেকে জীবনকৃষ্ণ আন্দির বাড়িতে তল্লাশির পাশাপাশি তল্লাশি চলে মায়া সাহা-র বাড়ীতেও।

---------------------

ছাত্র আন্দোলন করার সময়ই তৎকালীন শাসক দল সিপিআইএম এর আশ্রিত দুষ্কৃতীরা তাঁর প্রাণ নাশের চেষ্টা করেছিল বলে তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি অভিযোগ করেছেন। ধর্মতলায় আজ দলের ছাত্র সংগঠনের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আয়োজিত এক সমাবেশে তিনি বলেন, অনেক নির্যাতন স্বত্ত্বেও মাথানত করেননি তিনি।

সমাবেশে বাম, বিজেপির মত বিরোধী দলগুলির সমালোচনা করেন। তবে, ছাত্র সমাবেশ থেকে মুখ্যমন্ত্রী রাজ্যের কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলোতে দীর্ঘ দিন বকেয়া থাকা ছাত্র সংসদ নির্বাচন কবে হবে তা নিয়ে কোনো মন্তব্য করেননি।

এদিকে, বিজেপি, তৃণমূল ছাত্র পরিষদের সমাবেশকে প্রকারান্তরে নির্বাচনী প্রচার বলে দাবি করেছে। দলের নেতা রাহুল সিনহা গতকাল কলকাতায় সাংবাদিকদের বলেন, ছাত্র সমাবেশ হলেও, সমাবেশে তাদের নিয়েই কোন উল্লেখ নেই।

রাজ্যের শিক্ষা ব্যবস্থা পুরোপুরি ধ্বংস হয়ে গেছে বলে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার মন্তব্য করেছেন। এরাজ্য থেকে কেন ছাত্র-ছাত্রীরা ভিন রাজ্যে চলে যাচ্ছে, সেই প্রশ্ন তুলেছেন তিনি।

---------------------

টানাপড়েনের আবহে কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথমদিনের পরীক্ষা গতকাল নির্বিঘ্নে সম্পন্ন হয়েছে। ৯৬ শতাংশ পড়ুয়া পরীক্ষা দিয়েছেন বলে বিশ্ববিদ্যালয়ের অন্তর্বর্তী উপাচার্য শান্তা দত্ত দে জানিয়েছেন। ১৪-টি বিষয়ের পরীক্ষা ছিল গতকাল।

উল্লেখ্য, দলের ছাত্র সংসদের প্রতিষ্ঠা দিবসের সমাবেশের জন্য আজকের পরীক্ষা পিছনোর আবেদন জানিয়েছিল তৃণমূল কংগ্রেস। সরকারের তরফেও পরীক্ষার্থীদের অসুবিধার কারণে দিন বদলের প্রস্তাব দেওয়া হয়। কিন্তু সিন্ডিকেটের বৈঠকে পূর্ব নির্ধারিত সূচি মেনেই পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়।

উপাচার্য একে স্বাধীন চিন্তার জয় বলে আখ্যা দিয়েছেন।

---------------------

রাজ্যের ১৭ টি বিশ্ববিদ্যালয়ের ৪৬০ টি কলেজে আজ স্নাতকস্তরে পঠনপাঠন শুরু হচ্ছে। রাজ্যের উচ্চ শিক্ষা দপ্তরের পোর্টালে ৩ লক্ষ ১০ হাজারের কাছাকাছি আবেদন

পত্র জমা পড়েছে। ফাঁকা আসনের সংখ্যা সাড়ে ৬ লক্ষ। প্রথম পর্যায়ে ২ লক্ষ ৩২ হাজার শিক্ষার্থী ভর্তি হয়েছেন বলে জানা গেছে। ৩১ শে আগস্ট থেকে পরের পর্যায়ে আরও শিক্ষার্থী ভর্তি হবেন বলে আশা করছেন আধিকারিকরা।

---------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার ৩১-শে আগস্ট আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৫-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

---------------------

রাজ্য বিধানসভার বিশেষ অধিবেশন আগামী মাসের প্রথম সপ্তাহে বসতে চলেছে। পয়লা সেপ্টেম্বরের পাশাপাশি ২ এবং চার তারিখেও অধিবেশন বসবে বলে সংবাদ সংস্থা হিন্দুস্তান সমাচার সূত্রে খবর। সরকার পক্ষের তরফে একাধিক প্রস্তাব অধিবেশনে আনা হতে পারে বলে জানা গেছে। বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় এবিষয়ে আজ সাংবাদিকদের বিস্তারিত জানাবেন। পরিষদীয় শোভনদেব চট্টোপাধ্যায় বলেছেন,

চলতি আগস্টেই অধিবেশনের বিষয়টি আলোচনা স্তরে থাকলেও রাজ্য মন্ত্রিসভার বৈঠকে তা চূড়ান্ত হয়নি।

--------------------

এগারো বছর পূর্ণ করেছে প্রধানমন্ত্রী জন ধন যোজনা। দেশের প্রত্যেকটি পরিবারের আর্থিক অন্তর্ভুক্তি সুনিশ্চিত করার লক্ষ্যে ২০১৪ সালের ২৮ শে আগস্ট চালু হয় এই প্রকল্প। একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

--------------------

আরো নিখুঁত ভাবে আবহাওয়ার পূর্বাভাস দিতে খুব শীঘ্রই ডায়মন্ডহারবারে একটি এক্সপ্যান্ডেড রাডার বসাতে চলেছে ভারতীয় আবহাওয়া দপ্তর। মিশন মৌসম কর্মসূচির অঙ্গ হিসেবে সারা রাজ্যে ডপলার ওয়েদার র‍্যাডার নেটওয়ার্ক বিস্তার করতে উত্তরবঙ্গের মালদা অথবা জলপাইগুড়িতেও এই রাডার বসানো হবে। ভারতের আবহাওয়া দপ্তরের মহা নির্দেশক ডক্টর মৃত্যুঞ্জয় মহাপাত্র  গতকাল আলিপুর আবহাওয়া দপ্তরে একথা জানান।

বাইট

সিভিয়র লোকাল স্টর্ম ল্যাবরেটরির উদ্বোধন করে তিনি  অল ইন্ডিয়া রেডিওর মাধ্যমে মৎস্যজীবীদের কাছে আবহাওয়ার পূর্বাভাস পৌঁছে দেওয়ার কথাও উল্লেখ করেন।

--------------------

বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের প্রয়াণ বার্ষিকীতে আজ তাঁকে স্মরণ করা হচ্ছে। বিদ্রোহী কবি তার গানে, কবিতায় পরাধীন ভারতের মানুষের কথা তুলে ধরেন। প্রেরণা জুগিয়েছিলেন স্বাধীনতা আন্দোলনে।

গান

বিদ্রোহী কবির প্রয়াণ বার্ষিকীতে আজ নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

--------------------

হকির জাদুকর ধ্যান চাঁদের ১২০ তম জন্মবার্ষিকী আজ এরাজ্যেও যথোচিত মর্যাদায় জাতীয় ক্রীড়াদিবস হিসেবে পালিত হচ্ছে। হকি বেঙ্গলের উদ্যোগে কলকাতার আশুতোষ জন্মশতবার্ষিকী হলে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। কলকাতার পদ্মপুকুর রোড ও শরৎ বোস রোডের সংযোগ স্থলে ধ্যান চাঁদের মূর্তিতে শ্রদ্ধাজ্ঞাপন অনুষ্ঠানে ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস ছাড়াও প্রাক্তন ও বর্তমান হকি খেলোয়াড় রাও উপস্থিত থাকবেন।

-------------------- --------------------